দৈনিক ইত্তেফাক

২২/১০/২০০১
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ২ ... কলাম ... ৬ ......

ছাত্রলীগের সাংবাদিক সম্মেলন

# ছাত্রদল বিভীষিকার রাজত্ব কায়েম করিয়াছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ সারাদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রদলের সন্ত্রাসী হামলা, ছাত্রীদের উপর নির্যাতন ও দখলদারিত্বের প্রতিবাদে গতকাল বুধবার ছাত্রলীগ মহানগর উত্তর শাখা ঢাকা রিপোর্টার্স ইউনিটি কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করে। সম্মেলনে মহানগর উত্তর সভাপতি সাইফুল্লাহ সাইফুল লিখিত বক্তব্যে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা কলেজ, তেজগাঁও কলেজ, মিরপুর বাংলা কলেজ, ইডেন মহিলা বিশ্ববিদ্যালয় কলেজ, তিতুমীর কলেজ, কলেজ অব লেদার টেকনোলজী, আয়ুর্বেদীক কলেজসহ সকল শিক্ষা প্রতিষ্ঠান দখল করিয়া খালেদা জিয়ার মদদপুষ্ট ছাত্রদলের সন্ত্রাসীরা ছাত্রসমাজের কাছে বিভীষিকা হইয়া দেখা দিয়াছে। দেশে এই হিংস্রবর্বর চক্রের প্রতিহিংসার শিকার হইতেছে নিরীহ ছাত্র-ছাত্রীরা। ছাত্রলীগ সভাপতি বাহাদুর বেপারী বলেন, ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয়ে আমাদের মিছিল পর্যন্ত করিতে দিতেছে না। সম্মেলনে আরও উপস্থিত ছিলেন, যুগ্ম সম্পাদক লিয়াকত শিকদার, এসআর পলাশ, সাইফুজ্জামান শিখর, একেএম আজিম প্রমুখ।

নগরীতে অবরোধ পরবর্তী সমাবেশে ছাত্রলীগ নেতৃবৃন্দ শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ছাত্রদল শিবিরের গুন্ডামী বন্ধ করার দাবী জানাইয়াছেন। গতকাল নগরীর বিভিন্ন রাজপথে মিছিল শেষে সভাপতি বাহাদুর বেপারীর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে সুজীত রায় নন্দী, লিয়াকত শিকদার, আশরাফুল আজিম রুনি, রফিকুল ইসলাম, আব্দুল ওয়াদুদ খোকন প্রমুখ বক্তব্য রাখেন।